

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.৩৬০.২০১৪- ৩৭৩

তারিখ : ১৪ মার্চ, ২০১৬

বিষয় : জামালপুর জেলার ইসলামপুর উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত এবং ট্যাক্স টোকেন ফি পরিশোধ।

সূত্র : ইসলামপুর উপজেলা পরিষদ কার্যালয়-এর স্মারক নং-৪৬.৩০.৩৯২৯.০০০.০০.০০.১৫-০৭; তারিখ : ০৯ ফেব্রুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, (ক) স্থানীয় সরকার বিভাগ হতে জীপগাড়ির ট্যাক্স টোকেন ও মেরামত বাবদ অর্থ বরাদ্দ প্রদান করা হয় না। তবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এ ব্যয় নির্বাহ করতে চাইলে বিআরটিএ, জামালপুর হতে ট্যাক্স টোকেন ফি বাবদ কত টাকা প্রয়োজন তা সংগ্রহ করে পরিষদ সভায় রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণ করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(খ) স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ২৪.০৪.২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩ (৪৭২) নং স্মারকের পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের ক-চ ক্রমিকে বর্ণিত তথ্যাদি, গাড়ীটি মেরামতের ব্যয়-ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা মাসিক সভায় উপস্থাপনপূর্বক প্রস্তাবিত ব্যয় নির্বাহের সুপারিশ এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতির প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদি সংযোজন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : (৩) (৫) পাতা।

J.A. in
28/03/2016
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

E-mail : uz1lgd@gmail.com

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।